

জাতীয় কারিগরি এবং বৃত্তিমূলক শিক্ষার যোগ্যতা ভিত্তিক কাঠামো

এনটিভিকিউএফ

সক্ষমতাভিত্তিক শিক্ষণ উপকরণ

কম্পিউটার অপারেশন

এনটিভিকিউএফ লেভেল-৩

ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে ডকুমেন্ট প্রস্তুত করা

PAID	FREE	ONLINE	
Microsoft Word	LibreOffice	Google Docs	Office 365
			



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাও, শের-ই বাংলা নগর,

ঢাকা - ১২০৭

রচনায়
ইঞ্জিনিয়ার মোঃ সাইফ উদ্দীন
ট্রেইনার,
বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিস (বেসিস)

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ১ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	-----------------

সম্পাদনায়
মীর রাশেদুল ইসলাম

কোড: ITCO1011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ২ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	-----------------

সূচিপত্র

যেভাবে সক্ষমতাভিত্তিক এই শিখন উপকরণ ব্যবহার করতে হবে.....	4
মডিউলের নাম : ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে ডকুমেন্ট প্রস্তুত করা।.....	5
শিখনফল - ১ (Learning Outcome): ডকুমেন্ট তৈরি করার জন্য প্রস্তুত করতে পারবে।.....	7
ইনফরমেশন শিট : ১.১-১.....	9
সেলফ চেক-১.....	52
Dëici-1.....	53
শিখনফল - ২ (Learning Outcome): ডকুমেন্ট তৈরি ও ফরম্যাট করতে পারবে।.....	54
ইনফরমেশন শিট : ২.১-১.....	56
সেলফ চেক-২.....	65
Dëici-2.....	66
জব শীট-২.১.....	67
স্পেসিফিকেশন শীট-১.২.....	68
ইনফরমেশন শিট : ২.১-২.....	69
শিখন উদ্দেশ্যঃ.....	69
জবশীট-২.২.....	92
স্পেসিফিকেশন শীট-২.২.....	94
ইনফরমেশন শীট ২.১.৩.....	95
শিখন উদ্দেশ্য :.....	95
শিখনফল - ৩ (Learning Outcome): ডকুমেন্ট রিভিউ ও প্রটেক্ট করতে পারবে।.....	243
শিখনফল - ৪ (Learning Outcome): ডকুমেন্ট প্রিন্ট ও ট্রান্সফার করতে পারবে।.....	263
শিখনফল- ৫ (Learning Outcome): বন্ধ করতে পারবে।.....	276
সেলফ চেক ৫.১.....	280
উত্তর পত্র ৫.১.....	280
রেফারেন্স.....	281

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৩ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	-----------------

যেভাবে সক্ষমতাভিত্তিক এই শিখন উপকরণ ব্যবহার করতে হবে

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো আপনাকে সম্পন্ন করতে হবে। কম্পিউটার অপারেশন এর অন্যতম অকুপেশন ইউনিট হচ্ছে ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন। এই মডিউলের মাধ্যমে বিভিন্ন ধরনের অফিশিয়াল ডকুমেন্ট যেমন চিঠি (Letter), দরখাস্ত (Application), বায়োডাটা (Curriculum Vitae), স্ট্যান্ডার্ড রিপোর্ট (Standard Report) ও নিউজ লেটার আইটেম (News letter item) ইত্যাদি সম্পর্কে দক্ষতা অর্জন করবে। দক্ষ কর্মির জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও পজিটিভ আচরন প্রয়োজন তা এই কোর্সে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এসকল কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্রও সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলনও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্রে, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কাজ সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার সম্যক ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। একজন কর্মী কিভাবে কাজের ক্ষেত্রে উন্নতি লাভ করেছে সেটি জানতে 'সেলফ চেক' আপনাকে সহযোগিতা করবে। 'সেলফ চেক' কতটা সঠিক হয়েছে তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

কার্যক্রম পত্রে নির্দেশিত উপায়ে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটিটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করা হবে যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য। এটি কোনো দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য নয়।

কোড: ITCO1011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৪ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	-----------------

মডিউলের বিষয়বস্তু

মডিউলের নাম : ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে ডকুমেন্ট প্রস্তুত করা।

মডিউলের বর্ণনা :

এই মডিউলের অফিসিয়াল ডকুমেন্ট তৈরির কাজে ব্যবহৃত ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন সফটওয়্যার এর ব্যবহার ও প্রয়োজনীয় বিভিন্ন ধরনের ডকুমেন্ট যেমন অফিসিয়াল লেটার, বায়োডাটা তৈরি করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও পজিটিভ দৃষ্টিভঙ্গি ইত্যাদি অন্তর্ভুক্ত করা হয়েছে। এই দক্ষতা আপনাকে ডকুমেন্টেশন এর কাজে সহযোগীতা করবে। এছাড়াও টেবিল স্মার্টআর্ট, চার্ট ও পিকচার নিয়ে কাজ করতে সহায়তা করবে। তাছাড়া এই কাজের জন্য আপনার কি কি ধরনের সফটওয়্যার ও সরঞ্জামাদি লাগবে তাও ঠিক করতে এই মডিউল আপনাকে সাহায্য করবে।

নূন্যতম সময়: ৭৫ ঘন্টা।

শিখনফল:

এই মডিউলটি সম্পন্ন করার পর শিক্ষার্থীরা নিম্নোক্ত কাজ গুলি করতে পারবেন :

- ১ ডকুমেন্ট তৈরি করার জন্য প্রস্তুত করতে পারবে।
- ২ ডকুমেন্ট তৈরি ও ফরম্যাট করতে পারবে।
- ৩ ডকুমেন্ট রিভিউ ও প্রটেক্ট করতে পারবে।
- ৪ ডকুমেন্ট প্রিন্ট ও ট্রান্সফার করতে পারবে।
- ৫ প্রক্রিয়া মেনে কম্পিউটার বন্ধ করতে পারবে।

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া:

- ১ কর্মস্থলের রীতি অনুযায়ী নিরাপদে কাজ করার পদ্ধতি অনুসরণ করতে সক্ষম হয়েছে।
- ২ কাজের ধরণ অনুযায়ী আরগনোমিক স্বাস্থ্য ও নিরাপত্তার পদ্ধতি অনুসরণ করতে সক্ষম হয়েছে।
- ৩ কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্রয়োজনীয় সফটওয়্যারগুলো পরিষ্কা করে নিতে সক্ষম হয়েছে।
- ৪ টাইপ করার জন্য প্রয়োজনীয় বাংলা ও ইংরেজি ফন্টের প্রাপ্যতা নিশ্চিত করতে সক্ষম হয়েছে।
- ৫ কি ধরনের ডকুমেন্ট তৈরি করতে হবে তা নির্ধারণ করতে সক্ষম হয়েছে।
- ৬ ডকুমেন্ট তৈরি করার জন্য নতুন ফাইল নিতে ও কাজিত লোকেশনে ফাইল সেভ করতে সক্ষম হয়েছে।
- ৭ কাজের প্রয়োজন অনুযায়ী ইন্টারফেস সেট করতে সক্ষম হয়েছে।
- ৮ স্পেসিফিকেশন অনুযায়ী পেজ লেআউট সেট করতে সক্ষম হয়েছে।
- ৯ কাজের প্রয়োজন অনুযায়ী কনটেন্ট ইনসার্ট করতে সক্ষম হয়েছে।
- ১০ প্রয়োজন অনুযায়ী ব্রেক অপসন ব্যবহার করতে সক্ষম হয়েছে।
- ১১ ইন্সট্রাকশন অনুযায়ী কন্টেন্ট ফরমেটিং করতে সক্ষম হয়েছে।
- ১২ ইংরেজি স্পেল চেক করতে সক্ষম হয়েছে।
- ১৩ কাজের স্পেসিফিকেশন অনুযায়ী ডকুমেন্ট রিভিউ করতে সক্ষম হয়েছে।
- ১৪ পাসওয়ার্ড ব্যবহার করে ডকুমেন্ট সুরক্ষিত করতে সক্ষম হয়েছে।
- ১৫ নির্দিষ্ট গন্তব্য/ ডাইরেক্টরি নির্ধারণের পর উপযুক্ত ফাইল ফরমেটে ডকুমেন্ট সেভ করতে সক্ষম হয়েছে।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৫ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	-----------------

- ১৬ প্রিন্টার নির্বাচন এবং সেটিংস নির্ধারণ করতে সক্ষম হয়েছে।
- ১৭ প্রয়োজন অনুযায়ী উপযুক্ত পেপার সাইজ নির্ধারণ করতে সক্ষম হয়েছে।
- ১৮ প্রিন্ট প্রিভিউ দেখা এবং এডজাস্ট (প্রয়োজনে) করতে সক্ষম হয়েছে।
- ১৯ ডকুমেন্ট প্রিন্ট করতে সক্ষম হয়েছে।
- ২০ উপযুক্ত মিডিয়া ব্যবহার করে ডকুমেন্ট স্থানান্তর করতে সক্ষম হয়েছে।
- ২১ চালু করা এপ্লিকেশন ও ফোল্ডারগুলো বন্ধ করতে সক্ষম হয়েছে।
- ২২ কম্পিউটারের সাথে সংযুক্ত সব ডিভাইসগুলো সুইচ অফ করতে সক্ষম হয়েছে।
- ২৩ সঠিকভাবে কম্পিউটার বন্ধ করতে সক্ষম হয়েছে।
- ২৪ সংশ্লিষ্ট পাওয়ার আউটলেটের পাওয়ার বন্ধ করতে সক্ষম হয়েছে।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৬ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	-----------------

শিখনফল - ১ (Learning Outcome): ডকুমেন্ট তৈরি করার জন্য প্রস্তুত করতে পারবে।

বিষয়বস্তু (Content):

১. নিরাপদে কাজ করার পদ্ধতি
২. আর্গনোমিক স্বাস্থ্য ও নিরাপত্তার পদ্ধতি
৩. সফটওয়্যার পরিষ্কা পদ্ধতি
৪. বাংলা ও ইংরেজি ফন্ট
৫. ডকুমেন্টের ধরন

মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):

১. কর্মস্থলের রীতি অনুযায়ী নিরাপদে কাজ করার পদ্ধতি অনুসরণ করতে সক্ষম হয়েছে।
২. কাজের ধরণ অনুযায়ী আর্গনোমিক স্বাস্থ্য ও নিরাপত্তার পদ্ধতি অনুসরণ করতে সক্ষম হয়েছে।
৩. কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্রয়োজনীয় সফটওয়্যারগুলো পরিষ্কা করে নিতে সক্ষম হয়েছে।
৪. টাইপ করার জন্য প্রয়োজনীয় বাংলা ও ইংরেজি ফন্টের প্রাপ্যতা নিশ্চিত করতে সক্ষম হয়েছে।
৫. কি ধরনের ডকুমেন্ট তৈরি করতে হবে তা নির্ধারণ করতে সক্ষম হয়েছে।

শর্তাবলী (Conditions):

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই নিম্নোক্ত বিষয়গুলোর ব্যবস্থা করতে হবে:

১. প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
২. পিপিই, সরঞ্জাম ও উপকরণ
৩. যন্ত্রপাতি

শিক্ষা উপকরণ (Learning Materials):

১. বই, ম্যানুয়াল
২. মডিউল / রেফারেন্স
৩. সিবিএলএম
৪. হ্যান্ডআউটস
৫. ল্যাপটপ
৬. মাল্টিমিডিয়া প্রোজেক্টর
৭. হোয়াইট বোর্ড ও মার্কার
৮. ইন্টারনেট ফ্যাসিলিটিস
৯. কাগজ
১০. কলম

কোড: ITCO1011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৭ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	-----------------

শিখন কার্যক্রম (Learning Activity)

এই শিখন ফল অর্জনের লক্ষ্যে শিখন ফলে শিখন ফলে অন্তর্ভুক্ত বিষয় বস্তু এবং কর্মক্ষমতা মানদণ্ড অর্জনের জন্য নিম্ন বর্ণিত নিম্নবর্ণিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করতে হবে কার্যক্রমগুলোর জন্য পাশ্বে বর্ণিত রিসোর্স সমূহ ব্যবহার করতে হবে।

লার্নিং এক্টিভিটিস (Learning Activities) (শিখন কার্যক্রম)	Resources / Special instructions (রিসোর্স / বিশেষ নির্দেশ)
<ul style="list-style-type: none">এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে	<ul style="list-style-type: none">নির্দেশিকা পড়তে হবে।
<ul style="list-style-type: none">ইনফর্মেশন শীট পড়তে হবে	<ul style="list-style-type: none">ইনফর্মেশন শীট ১.১ - ১ইনফর্মেশন শীট ১.১ - ২ইনফর্মেশন শীট ১.১ - ৩ইনফর্মেশন শীট ১.১ - ৪
<ul style="list-style-type: none">সেলফ চেক শীটে প্রদেয় প্রশ্নগুলোর উত্তর প্রদান করতে হবে এবং প্রদত্ত উত্তর পত্রের সাথে উত্তর মিলিয়ে নিশ্চিত হতে হবে	<ul style="list-style-type: none">সেলফ চেক ১.১ এবং উত্তরপত্র ১.১

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৮ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	-----------------

ইনফরমেশন শিট : ১.১-১

শিখন উদ্দেশ্য :

এই ইনফরমেশন শিট টি পড়ার পর শিক্ষার্থী কর্মস্থলের রীতি অনুযায়ী নিরাপদে কাজ করার পদ্ধতি অনুসরণ করতে পারবেন।

নিরাপদ কাজের অনুশীলন :

নিরাপদ কাজের অনুশীলন হল এমন একটি পদ্ধতি যা আমাদেরকে বাতলে দেয় যে কীভাবে কর্মী, সরঞ্জাম, উপকরণ, পারিপার্শ্বিক পরিবেশ এবং প্রক্রিয়াগুলির সমন্বয়ে একটি কাজ সম্পাদনে যেকোন প্রকার ঝুঁকি নিরসন করা যায়। এগুলি প্রাথমিক করণীয় এবং করণীয়ের মতো কতকগুলো নির্দেশিকা যা প্রতিরোধকের মত কাজ করে থাকে। কিন্তু একটি নতুন বিপদ/ ঝুঁকি শনাক্ত করা হলে করণীয়গুলো সবসময় কার্যকর নাও হতে পারে। কর্মচারীদের নিজের কাজের জন্য প্রয়োজ্য সেফটি প্র্যাক্টিসগুলি জানা, বোঝা এবং অনুসরণ করা অপরিহার্য।

অকুপেশনাল সেফটি এন্ড হেলথ (OSH- Occupational safety and health): প্রতিটি শ্রমিকের একটি নিরাপদ কর্মক্ষেত্রের অধিকার রয়েছে। যখন তারা প্রতিদিন কাজ করতে যায়, তখন তারপ সম্পূর্ণরূপে আশা করে যে তারা যেভাবে কাজে গিয়েছিল ঠিক একই অবস্থায়- বিনা আঘাতে বা কোন ইনজুরি ছাড়াই সুস্থ-স্বাভাবিকভাবে কাজ থেকে ফিরে আসবে।

পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা একটি কর্মক্ষেত্রের সামগ্রিক অর্থাৎ শারীরিক, মানসিক এবং সামাজিক সুস্থতার সাথে সম্পর্কিত বিষয়। এ বিষয়ে জানা ও মেনে চলার মাধ্যমে আমরা নিজেদেরকে কর্মক্ষেত্রে ঝুঁকিমুক্ত বা সুরক্ষিত রাখতে পারি এবং আমারদের স্বাস্থ্য নিশ্চিত করতে পারি। কারণ আমরা জানি স্বাস্থ্যই সকল সুখের মূল।

এই পর্বে আমরা যা শিখব তা হল-

- কাজের প্রয়োজনীয়তা সঠিকভাবে জানা।
- কাজের ধরন অনুযায়ী প্রয়োজনীয় যন্ত্রপাতি নির্বাচন করা।
- ড্রইং অনুযায়ী সেট আপ প্রক্রিয়া অনুসরণ করা।
- কাজের প্রয়োজনীয়তা অনুসরণ করে প্রাথমিক সেট-আপ সম্পন্ন করা।

পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট-পিপিই (PPE) এবং তাদের ব্যবহার

(PPE) পিপিই-র পুরো মানে হলো পারসোনাল প্রোটেক্টিভ ইকুইপমেন্ট বা ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম। পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট-পিপিই (PPE) বা ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম হল এমন সরঞ্জাম যা ব্যবহারকারীকে কর্মক্ষেত্রে স্বাস্থ্য বা নিরাপত্তার ঝুঁকি থেকে রক্ষা করে। এর মধ্যে নিরাপত্তা হেলমেট, গ্লাভস, আই-প্রটেকশন, হাই-ভিজিবিলিটি ভেস্ট, সেফটি সু-এর মতো আইটেমগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে। এতে শ্বাসযন্ত্রের প্রতিরক্ষামূলক সরঞ্জাম (RPE-respiratory protective equipment) ও আছে। অর্থাৎ পারসোনাল প্রোটেক্টিভ ইকুইপমেন্ট অনেক ধরনের হতে পারে- তবে এর ব্যবহার নির্ভর করে কী ধরনের কাজে তা ব্যবহার করা হচ্ছে, তার ওপর।

মোটকথা ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী কিছু বিশেষ পরিধেয় পোশাক, সাজ-সরঞ্জাম ও উপকরণের সমষ্টিগত নাম, যা পরিধানকারীকে ঝুঁকি, বিপদ বা স্বাস্থ্যশূল (যেমন রোগজীবাণুর সংক্রমণ) থেকে সুরক্ষা প্রদান করে। যেমন অত্যন্ত উৎকট তীব্র কোলাহলপূর্ণ স্থানে ইয়ার প্লাগ অর্থাৎ কানের ছিপি কানকে সুরক্ষা প্রদান করে। রাসায়নিক দ্রব্যাদি হাতে

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৯ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	-----------------

ধরার সময় হাতে দাস্তানা বা হাতমোজা (গ্লাভস) পরা উচিত। নির্মাণস্থলে কর্মরত নির্মাণকর্মীদের কোনও কিছুর পরন্তু ভাঙা টুকরো থেকে মাথাকে রক্ষা করার জন্য শক্ত টুপি বা শিরোস্ত্রাণ বা হেলমেট পরিধান করতে হয়।

পিপিই প্রতীক (Symbols): এগুলি এমন কিছু সংকেত যা নির্দেশ করে যে, কোনও নির্দিষ্ট বিপজ্জনক কাজ বা উপকরণ পরিচালনা করার সময় কোন ধরনের ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (P.P.E) পরিধান করা উচিত। এটি কখনই একটি সম্পূর্ণ তালিকা নয়; আপনি যদি এমন একটি সংকেতের সম্মুখীন হন, যার সম্পর্কে আপনি নিশ্চিত নন, তাহলে নিরাপত্তা অফিসের সাথে যোগাযোগ করে বুঝে নিন।

১। ডাস্ট মাস্ক (Dust mask): কর্মক্ষেত্রে ডাস্ট মাস্ক অবশ্যই ব্যবহার করা উচিত। এটি আমাদের নিয়মিত স্বাস্থ্য সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

২। এপ্রোন (Apron): এপ্রোন ঝুকিরোধক উপাদান দিয়ে তৈরি, যা কর্মক্ষেত্রে প্রায় সকলেরেই পরিধান করা অপরিহার্য।

৩। গগলস্ (Goggles): রাসায়নিক ও উচ্চ আলো প্রতিরোধক চশমা, যা কর্মক্ষেত্রে প্রায় ক্ষেত্রেই প্রযোজ্য।

৪। পা সুরক্ষা (Foot Protection): ঝুকি অনুযায়ী উপযুক্ত সুরক্ষামূলক পাদুকা পরিধান করা আবশ্যিক।

৫। হাতের সুরক্ষা (Hand Protection): গ্লাভস আমাদের কর্মব্যবস্তু হাতকে বেশিরভাগই বিপদ থেকে সুরক্ষা প্রদান করে।

৬। ইএসডি (ESD) অ্যান্টি-স্ট্যাটিক রিস্ট স্টেপ: এই টেকসই ইএসডি ডিভাইসটি আপনার মূল্যবান কম্পিউটার সরঞ্জামকে বিপজ্জনক স্ট্যাটিক বিদ্যুৎ থেকে রক্ষা করতে সহায়তা করে। কাজিতে পরে থাকা স্ট্র্যাপ/ ব্রেসলেট ঝামেলা-মুক্ত এবং স্ট্যাটিক ইলেক্ট্রো-গ্লাউডিং সুবিধা প্রদান করে, যা ব্যবহারকারীকে স্ট্যাটিক বিদ্যুৎ বিষয়ে চিন্তা না করে কম্পিউটারে অবাধে কাজ করার সুযোগ করে দেয় এবং কম্পিউটারের উপাদানগুলিকে সম্ভাব্য ক্ষতি থেকে সুরক্ষা প্রদান করে।

৭। ইএসডি ম্যাট (ESD Mat): যাকে অ্যান্টিস্ট্যাটিক ম্যাটও বলা হয়- স্ট্যাটিক নির্গত ইলেক্ট্রিসিটি থেকে একজন ব্যক্তি বা সরঞ্জামকে সুরক্ষা প্রদান করে।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ১০ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

ইনফরমেশন শিট : ১.১-২

শিখন উদ্দেশ্য :

এই ইনফরমেশন শিট টি পড়ার পর শিক্ষার্থী কাজের ধরণ অনুযায়ী আর্গোনোমিক স্বাস্থ্য ও নিরাপত্তার পদ্ধতি অনুসরণ করতে পারবেন।

হাজার্ড এবং হাজার্ডের প্রকার :

হাজার্ড (Hazard)-

হাজার্ড যেকোন কিছু বা যে কেউ হতে পারে যা একজন ব্যক্তির ক্ষতি করতে পারে বা অসুস্থতার কারণ হতে পারে। যেকোন কিছু বা যে কেউ যা সম্পত্তি বা পরিবেশের ক্ষতি করতে পারে বা উভয়ের সমন্বয়ে বড় ধরনের দুর্ঘটনা।

হাজার্ডের প্রকারভেদ (Types of Hazards)-

হাজার্ড প্রধানত ৬ ধরনের-

১. ফিজিক্যাল হাজার্ড (Physical Hazards)
২. রাসায়নিক হাজার্ড (Chemical Hazards)
৩. জৈবিক হাজার্ড (Biological Hazard)
৪. যান্ত্রিক এবং বৈদ্যুতিক হাজার্ড (Mechanical and Electrical Hazard)
৫. মানসিক হাজার্ড (Mental Hazard)
৬. আর্গনমিক হাজার্ড (Ergonomic Hazards)

কম্পিউটারে গ্রাফিক ডিজাইনের কাজ করার সময় আমরা প্রধানত আর্গনমিক হাজার্ড-এর শিকার হতে পারি। এবার দেখে নেয়া যাক, আর্গনমিক হাজার্ড কি এবং কিভাবে এই হাজার্ড থেকে আমরা আত্মরক্ষা করতে পারি।

আর্গনমিক হাজার্ড

আর্গনমিক হাজার্ড হল শারীরিক বিষয় যা পারিপার্শ্বিক কারণে মাস্কুলোস্কেলিটাল বা পেশী-হাড় ও সন্ধীতে ইনজুরির কারণ হতে পারে। এর ফলে আমরা পেশী সংকোচন, হাড় ক্ষয়, হাড়ের স্থানচ্যুতি, সন্ধীর দুর্বলতা বা বিচ্ছিন্নতা ইত্যাদি সমস্যার সম্মুখিত হতে পারি।

কর্মস্থলে মাস্কুলোস্কেলিটাল সমস্যা:

যখন একই পেশী বারবার ব্যবহার করা হয়, বিশেষ করে শক্তি প্রয়োগ করার সময়, এবং কাজ শেষ করার জন্য তাড়াহুড়ো করা হয় তখন মাস্কুলোস্কেলিটাল ডিজঅর্ডার তৈরি হয়। যখন কর্মীরা একই অবস্থান বা পজিশন বজায় রেখে কাজ করতে থাকে তখনও এধরনের সমস্যা তৈরী হয়।



কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ১১ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

প্রভাব (Effect):

- পেশী, হাড়, রক্তনালী, টেন্ডন, স্নায়ু এবং অন্যান্য নরম টিসু ইনজুরির কারণ হতে পারে।
- স্ট্রেন ইনজুরি যেমন কার্পাল টানেল বা টেনিস এলবো। বারবার মোচ বা স্ট্রেন ইনজুরি।
- দীর্ঘস্থায়ী চাপের ফলে ব্যথা এবং ইনজুরি, যা প্রতিবন্ধকতার কারণ হতে পারে।

চোখের চাপ/ দৃষ্টিশক্তির প্রতিবন্ধকতা:

দৃষ্টিশক্তি দুর্বলতা এমন একটি বিষয় যে একজন ব্যক্তির দৃষ্টিশক্তি আগের জায়গায় ফিরিয়ে আনা যায় না। দৃষ্টি প্রতিবন্ধকতা ভিজুয়াল একুরেসি হারানোর কারণে হতে পারে, যেখানে চোখ স্বাভাবিকের মতো পরিষ্কারভাবে কিছু দেখতে পায় না।

সাধারণ/কমন দৃষ্টি প্রতিবন্ধকতা:

বিশ্বব্যাপী দৃষ্টি প্রতিবন্ধকতার সবচেয়ে কমন কারণ হল প্রতিসরণ ত্রুটি (৪৩%), ছানি (৩৩%), এবং গ্লুকোমা (২%)। প্রতিসরণমূলক ত্রুটিগুলির মধ্যে রয়েছে নিকট-দৃষ্টি, দূরদৃষ্টি, প্রেসবায়োপিয়া এবং দৃষ্টিভঙ্গি। ছানি অন্ধত্বের সবচেয়ে সাধারণ কারণ।

শ্রবণশক্তি হ্রাস:

শ্রবণশক্তি হ্রাসের লক্ষণ এবং উপসর্গগুলির মধ্যে অন্তর্ভুক্ত বিষয়গুলো:


- কথা এবং অন্যান্য শব্দের বিকৃতি শ্রবণ।
- শব্দ বুঝতে অসুবিধা, বিশেষ করে যেখানে আওয়াজ বা ভিড় থাকে।
- ব্যঞ্জনবর্ণ শুনতে অসুবিধা।
- প্রায়ই অন্যদের আরও ধীরে, স্পষ্ট এবং জোরে কথা বলতে অনুরোধ করা।
- টেলিভিশন বা রেডিওর ভলিউম বাড়িয়ে শুনতে হয়।

শ্রবণশক্তি হ্রাসের সবচেয়ে কমন কারণ:

শ্রবণশক্তি হ্রাসের সবচেয়ে সাধারণ ও কমন কারণ হল শব্দ, যা এক চতুর্থাংশেরও বেশি লোকের শ্রবণশক্তি হ্রাস পাওয়ার জন্য দায়ী। আপনি শ্রবণশক্তি রক্ষা করতে উচ্চ শব্দে এরিয়ে চলতে কিংবা কানের মাফ বা প্লাগের মতো উপযুক্ত সুরক্ষা ব্যবস্থা পরিধান করতে পারেন।

অঙ্গ-প্রত্যঙ্গ ব্যথা

অঙ্গ-প্রত্যঙ্গের ব্যথা দেহের কোন একটি বিশেষ জয়েন্টের ব্যথার জন্য বা সমস্ত শরীরকে আক্রান্ত করতে পারে। অঙ্গ-প্রত্যঙ্গের ব্যথা অবিরাম বা অনিয়মিতভাবে হতে পারে। ব্যথা চলাফেরার কারণে হতে পারে আবার নড়াচড়ার সাথে এর কোন সম্পর্ক নাও থাকতে পারে। অন্যান্য উপসর্গ যেমন অঙ্গ-প্রত্যঙ্গ উষ্ণ হয়ে ওঠা, লালচেভাব, অসাড়তা বা ঝাঁঝ ধরা ইত্যাদি।



কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ১২ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

হাজার্ড নিয়ন্ত্রণ (Control hazard)

হাজার্ড নিয়ন্ত্রণের অনুক্রম বা ধারাবাহিকতা (Hierarchy of Hazard Control):

- ঝুঁকি দূর করা (Level One) Eliminating the Risk
- ঝুঁকি প্রতিস্থাপন করা (Level Two) Substituting the Risk
- পৃথক ঝুঁকি (Level Three) Isolate the Risk
- ইঞ্জিনিয়ারিং কন্ট্রোল (Level Four) Engineering Controls
- প্রশাসনিক নিয়ন্ত্রণ করা (Level Five) Administrative Controls
- ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (Level Six) Personal Protective Equipment

কর্মক্ষেত্রে ওএসএইস (OSH) নীতি ও পদ্ধতি (policies and procedures):

পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা বা অকুপেশনাল সেফটি এন্ড হেলথ (OSH) নীতি হল কর্মী এবং কর্মক্ষেত্রে উভয়ের স্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য নিয়োগকর্তার একটি লিখিত প্রতিশ্রুতি। স্বাস্থ্য ও নিরাপত্তা আইন অনুযায়ী সকল নিয়োগকর্তাকে কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।

একটি কোম্পানির পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা নীতি হল কর্মী ও কর্মক্ষেত্রে স্বাস্থ্য এবং নিরাপত্তার প্রতিশ্রুতি এবং এই প্রতিশ্রুতি ডকুমেন্ট করার একটি উপায়। (ওএস এইস) নীতির বিবরণীতে কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা এবং এ সংশ্লিষ্ট প্রক্রিয়া পরিচালনার জন্য কোম্পানির ম্যানেজমেন্ট ও মালিকদের প্রতিশ্রুতি বিস্তারিত বিবৃতি থাকে।

নিরাপদ অপারেটিং প্রক্রিয়া (Safe operating procedures):

একটি নিরাপদ অপারেটিং প্রক্রিয়া বা সেফ অপারেটিং প্রসিডিউর (SOP) হল প্রতিষ্ঠান দ্বারা প্রণীত একটি ধারাবাহিক নির্দেশাবলীর সেট যা কর্মীদের জটিল রুটিন অপারেশন বাস্তবায়ন করতে সাহায্য করে। এসওপি'র লক্ষ্য হল দক্ষতা, কোয়ালিটি আউটপুট এবং কর্মক্ষমতার অভিন্নতা অর্জন করা, যেখানে ভুল যোগাযোগ এবং ইন্ডাস্ট্রি রেগুলেশন মেনে চলতে না পারা কমিয়ে আনা। স্ট্যান্ডার্ড সতর্কতাগুলির মধ্যে রয়েছে — হাইজিনিটি (যেমন হাতধোয়া), ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের ব্যবহার (যেমন গ্লাভস, মাস্ক), শ্বাসযন্ত্রের স্বাস্থ্যবিধি (যেমন কাশি শিষ্টাচার), শার্প সেফটি (ইঞ্জিনিয়ারিং এবং ওয়ার্ক প্র্যাকটিস কন্ট্রোল) ইত্যাদি।

নিরাপত্তা চিহ্ন এবং প্রতীক (Safety sign and symbols):

নিরাপত্তা চিহ্ন এবং প্রতীকগুলো অতি গুরুত্বপূর্ণ নিরাপত্তা যোগাযোগের উপায়, এগুলো কর্মক্ষেত্রে বিভিন্ন বিপদ বা ঝুঁকি চিহ্নিত ও নির্দেশ করতে সাহায্য করে। একই সময়ে, তারা সবসময় কর্মীদের প্রয়োজনীয় তথ্য এবং নিরাপত্তা নির্দেশনা প্রদানের মাধ্যমে ঝুঁকিগুলির দিকে নজর রাখতে সতর্ক করে।

রিপোর্টিং পদ্ধতি (Reporting procedure):

রিপোর্টিং সিস্টেম প্রকল্প বাস্তবায়ন পর্যবেক্ষণ এবং অনুমোদিত আবেদন ফর্মের সাথে অর্জনের তুলনা করার জন্য একটি প্রধান উপাদান। একটি অংশীদারিত্বের জন্য সময়মত রিপোর্টিং বাধ্যতামূলক যাতে অনুমোদিত আবেদন এবং ভর্তুকি চুক্তি অনুযায়ী প্রকল্পের খরচ পরিশোধ করা যায়।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ১৩ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

ইনফরমেশন শিট : ১.১-৩

শিখন উদ্দেশ্য :


এই ইনফরমেশন শিট টি পড়ার পর শিক্ষার্থী কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্রয়োজনীয় সফটওয়্যারগুলো পরিষ্কার করে নিতে পারবেন।

ওয়ার্ড প্রসেসর এর পরিচিতি :

বর্তমানে বাজারে বিভিন্ন ধরনের ওয়ার্ড প্রসেসর আছে তার মধ্যে মাইক্রোসফট ওয়ার্ড, ওপেন অফিস, ওয়ার্ড পারফেক্ট, লিব্রি অফিস, wps office, calligra, ওয়ার্ড প্যাড, গুগল ডকস (google docs), অ্যাপেল পেইজেজ (apple pages), ইত্যাদি ওয়ার্ড প্রসেসর পাওয়া যায়, আবার এই মডিউলে আমরা মাইক্রোসফট ওয়ার্ড ২০১৯ নিয়ে আলোচনা করবো ও এর বিস্তারিত ব্যবহার শিখবো। তবে অন্য কয়েকটা ওয়ার্ড প্রসেসর এর পরিচিতি সম্পর্কে জানবো।

মাইক্রোসফট ওয়ার্ড এর পরিচিতি :

চিত্র (Figure) :




ওয়ার্ড প্রসেসর উইন্ডোজ অপারেটিং সিস্টেম ও ম্যাক অপারেটিং সিস্টেমে ব্যবহার হয়।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ১৪ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

লিব্রি অফিস (Libreoffice) এর পরিচিতি :

লিব্রি অফিস লিনাক্স অপারেটিং সিস্টেমে ব্যবহৃত হয়। সাধারণত লিনাক্স অপারেটিং সিস্টেম ইন্সটল করলে তার সাথে বাই-ডিফল্ট লিব্রি অফিস অ্যাপ্লিকেশনটি ইন্সটল হয়ে যায়। লিব্রি অফিস রাইটারে কোন টেক্সট টাইপ করলে বাই-ডিফল্ট লিনাক্স ফাইল (.odt) হয়ে থাকে। তখন ঐ ফাইলটি শুধুমাত্র লিনাক্স এনভায়রনমেন্টেই ওপেন হবে। অন্য কোন এনভায়রনমেন্ট বা উইন্ডোজে ওপেন করতে হলে অবশ্যই এর ফাইল এক্সটেনশন চেঞ্জ করে (.docx) এ সেইভ করতে হবে।

চিত্র (Figure) :



কাজের ধাপ :


1. লিব্রি অফিস অ্যাপ্লিকেশনটি চালু করতে হলে অবশ্যই লিনাক্স অপারেটিং সিস্টেম ব্যবহার করতে হবে।
2. এরপর লিব্রি অফিস রাইটার এর উপর মাউসের লেফট বাটন প্রেস করতে হবে।
3. তখন লিব্রি অফিস রাইটারটি চালু হবে।
4. এরপর কীবোর্ড থেকে প্রয়োজনীয় টেক্সট টাইপ করতে হবে।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ১৫ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

ডব্লিউপিএস অফিস (WPS Office) :

ডব্লিউপিএস সফটওয়্যারটি - মাইক্রোসফট উইন্ডোজ ও ম্যাক অপারেটিং সিস্টেমে ব্যবহৃত হয়। ডব্লিউপিএস সফটওয়্যার-এ আমরা যেকোন ধরনের ডকুমেন্ট তৈরি করতে পারি। সে ক্ষেত্রে আমাদেরকে অবশ্যই ডব্লিউপিএস সফটওয়্যারটি ইন্সটল করে নিতে হবে। ডব্লিউপিএস সফটওয়্যারটি মাইক্রোসফট উইন্ডোজ ও ম্যাক অপারেটিং সিস্টেম এ ব্যবহৃত হয়।

চিত্র (Figure) :



কাজের ধাপ :


১. প্রথমে উইন্ডোজ বাটন চাপতে হবে।
২. তারপর নতুন উইন্ডো থেকে ডব্লিউ পি এস সফটওয়্যারটি সিলেক্ট করতে হবে।
৩. তখন ডব্লিউপিএস সফটওয়্যারটি চালু হবে।
৪. এরপর কিবোর্ড থেকে প্রয়োজনীয় টেক্সট টাইপ করতে হবে।

কোড: ITCO1011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ১৬ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

গুগল ডকস (google docx) :

গুগল ডকস হচ্ছে একটা ক্লাউড অ্যাপ্লিকেশন এটা প্রায় সব অপারেটিং সিস্টেম থেকে ব্যবহার করা যায়। গুগল ডকস এর অন্যতম সুবিধা হচ্ছে এটা কম্পিউটারে ইন্সটল করার প্রয়োজন হয় না। ইন্টারনেট কানেকশন থাকলে আমরা ব্রাউজার এর মাধ্যমে আমরা সরাসরি গুগল ডকস ফিচারটি ব্যবহার করতে পারি।

চিত্র (Figure) :



কাজের ধাপ :

১. গুগল ডকস ব্যবহার করতে হলে ইন্টারনেট কানেকশন স্টাবলিশ করতে হবে।
২. এরপর জিমেইল অ্যাকাউন্ট এ লগ-ইন করতে হবে। তবে অ্যাকাউন্ট না থাকে তাহলে নতুন অ্যাকাউন্ট খুলে নিতে হবে।
৩. তারপর গুগল অ্যাপস থেকে গুগল ডকস ফিচারটি ব্যবহার করতে হবে।


কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ১৭ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

বাংলা টাইপিং সফটওয়্যার :


বিজয় বাংলা কী-বোর্ড :

বিজয় কিবোর্ড দিয়ে সাধারণ কম্পিউটারে বাংলা ভাষায় টাইপ করা যায়, আপনি যখন আপনার কম্পিউটারে উইন্ডোস দিবেন তখন শুধু ইংরেজিতে টাইপ করতে পারবেন। আপনার কম্পিউটারে এজন্য বাংলা ভাষায় লিখতে হলে অবশ্যই আপনাকে কম্পিউটারে বিজয় কিবোর্ড সফটওয়্যার ইনস্টল করে নিতে হবে।

বিজয় কীবোর্ড ইনস্টল দেয়ার পর একে ব্যবহারের জন্য সেট করতে হবে।




এজন্য টার্ন বার থেকে হিডেন আইকন অন করে বিজয় কীবোর্ড সেট করা যায়। আবার কীবোর্ডের Ctrl+Alt+B প্রেস করলেও বিজয় কীবোর্ড সেট একটিভ হয়। এখন আপনার কীবোর্ড বাংলা লেখার জন্য প্রস্তুত। যদি বাংলা থেকে পুনরায় ইংলিশ ফন্টে আসতে চান, তাহলে আবার Ctrl+Alt+B প্রেস করতে হবে।



এখন আপনাকে ফন্ট সেট করতে হবে। Home রিবনের ফন্ট লিস্ট থেকে আপনি বিজয় কীবোর্ডের জন্য SutonnyMJ ফন্ট সিলেক্ট করতে হবে। এবার আপনি বিজয় কীবোর্ড ব্যবহার করে বাংলা লিখতে পারবেন।

কোড: ITCO1011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ১৮ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------



১. এছাড়া Home রিবনের ফন্ট অপশন থেকে ফন্ট ডায়ালগ বক্স ওপেন করুন।
২. ফন্ট লিস্ট থেকে SutonnyMJ ফন্ট সিলেক্ট করুন।
৩. বাটন প্রেস করে কনফার্ম করুন।

বজিয় বাংলা কীবোর্ড লে-আউটঃ



কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ১৯ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

অব্র বাংলা কী-বোর্ড :

অব্র সফটওয়্যার এমন যে আপনি ইংরেজিতে টাইপিং করলে সেটা বাংলায় কনভার্ট হয়ে যায়। আপনি ইংরেজিতে লিখে দিবেন সেটা বাংলায় কনভার্ট হয়ে যাবে। তবে তার ইংরেজি কোন অক্ষরে বাংলায় কোন অক্ষর হয় সেটা জানতে হবে।



ক	ট	প	স	অ	ও	ঔ	OU	০	0				
খ	kh	ঠ	Th	ফ	ph,f	হ	h	আ	। a	ব (ফলা)	w	১	1
গ	g	ড	D	ব	b	ড়	R	ই	ি i	ঢ - য ফলা	(c) y, Z	২	2
ঘ	gh	ঢ	Dh	ভ	bh,v	ঢ়	Rh	ঈ	ী I	ঢ় - র ফলা	(c) r	৩	3
ঙ	Ng	ণ	N	ম	m	য়	y,Y	উ	ু u	ঢ় - রেফ	(v) rr (c)	৪	4
চ	c	ত	t	য	z	ৎ	t`	ঊ	ু U	ঢ় - হসন্ত	”	৫	5
ছ	ch	থ	th	র	r	ং	ng	ঋ	ূ rri	। - দাড়ি	.	৬	6
জ	j	দ	d	ল	l	ঃ	:	এ	ে e	চ - টাকা	\$	৭	7
ঝ	jh	ধ	dh	শ	sh,S	ষ	^	ঐ	ৈ OI	. - ডট	(NumPad)	৮	8
ঞ	NG	ন	n	ষ	Sh	জ	J	ও	ৌ O	: (কোলন)	:	৯	9

Legend:
■ Case sensitive
■ Not case sensitive
(v) - Any vowel
(c) - Suitable consonant
- Accent Key
Tab

www.omicronlab.com

ইনস্টল করার পর আপনার পিসিতে নিচের ছবির মত এমন একটি প্যানেল আসবে।



ছবিতে তীর চিহ্ন দেওয়া যেখানে ইংরেজি আছে এখানে ক্লিক করে ইংরেজি এর পরিবর্তে বাংলা করতে হবে। অন্য ভাবেও বাংলা করে যায়। কীবোর্ডের Backspace এর উপরে F12 লেখা আছে F 12 তে চাপ দিলে সহজেই ইংরেজি থেকে বাংলায় কীবোর্ড রূপান্তর করা যায়। আবার একই ভাবে F12 চাপ দিলে বাংলা থেকে ইংরেজিতে রূপান্তর করা যাবে কীবোর্ড। এই ভাবে ইংরেজি থেকে বাংলায় রূপান্তর করার পর যেকোনো জায়গায় আপনি বাংলা টাইপিং করতে পারবেন।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ২০ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

সারাবিশ্বে বর্তমানে মাইক্রোসফট ওয়ার্ড ডকুমেন্ট তৈরির ক্ষেত্রে সবচেয়ে বেশী ব্যবহৃত হয়। তাই আমরা মাইক্রোসফট ওয়ার্ড সম্পর্কে বিস্তারিত শিখবো। মাইক্রোসফট ওয়ার্ড হচ্ছে মাইক্রোসফট কোম্পানী কর্তৃক ডিজাইনকৃত মাইক্রোসফট অফিস অ্যাপ্লিকেশন প্যাকেজ এর একটি কম্পোনেন্ট। আমরা এখানে মাইক্রোসফট ওয়ার্ড এর ভার্সন ২০১৯ এবং অপারেটিং সিস্টেম উইন্ডোজ ১১ ব্যবহার করবো।


২.১.১ মাইক্রোসফট ওয়ার্ড চালু করা :

বিভিন্ন ভাবে মাইক্রোসফট ওয়ার্ড চালু করা যায় যেমন উইন্ডোজ বাটন থেকে মাইক্রোসফট ওয়ার্ড চালু করা যায়, ডেস্কটপ এর টাস্কবার থেকে মাইক্রোসফট ওয়ার্ড চালু করা যায়, রান উইন্ডো থেকে মাইক্রোসফট ওয়ার্ড চালু করা যায়। এছাড়া মাইক্রোসফট ওয়ার্ড এর সর্টকাট তৈরি রাখলেও সেখান থেকে মাইক্রোসফট ওয়ার্ড চালু করা যায়।

উইন্ডোজ বাটন থেকে মাইক্রোসফট ওয়ার্ড চালু করা :

প্রথমে উইন্ডোজ বাটনের উপর মাউস এর কার্সর রেখে মাউস এর লেফট বাটনে ক্লিক করতে হবে। তার পর প্রোগ্রাম এর একটি লিস্ট আসবে। সেখান থেকে ওয়ার্ড ২০১৯ সিলেক্ট করতে হবে। এর পর নিচের চিত্রের মত ওয়ার্ড এর উইন্ডো আসবে।

চিত্র (Figure) :



কাজের ধাপ :

১. থমে ডেস্কটপ এর নিচের দিকে বাম কোণে অবস্থিত উইন্ডোজ বাটন এর উপর মাউস এর লেফট বাটন প্রেস করতে হবে। অথবা কীবোর্ড থেকে উইন্ডোজ বাটনের উপর প্রেস করতে হবে।


২. খন নতুন উইন্ডো আসবে সেখান থেকে Word 2019 অপশনটি সিলেক্ট করতে হবে।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ২১ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

টাস্কবার (Taskbar) থেকে ওপেন করা :

এছাড়া ডেস্কটপ এর টাস্কবার এ সংযোজিত ওয়ার্ড আইকন এ ক্লিক করেও আমরা ওয়ার্ড ওপেন করতে পারি। সেক্ষেত্রে আগে টাস্কবারে ওয়ার্ড অপশনটি টাস্কবার এ নিয়ে আসতে হবে। অর্থাৎ অল প্রোগ্রাম থেকে মাউসের উপর রাইট বাটন প্রেস করলে নতুন উইন্ডো আসবে সেখান থেকে পিন টু স্টার্ট (pin to start) অপশনটি সিলেক্ট করতে হবে। তখন ওয়ার্ড অপশনটি টাস্কবার (Taskbar) এ সংযুক্ত হবে।

চিত্র (Figure) :



কাজের ধাপ :


১. প্রথমে উইন্ডোজ বাটন এর উপর মাউস ক্লিক করতে হবে।
২. এরপর নতুন উইন্ডো থেকে Word 2019 অপশনটির উপর মাউস এর রাইট বাটন প্রেস করতে হবে।
৩. পুনরায় নতুন উইন্ডো আসবে। সেখান থেকে More অপশন এ গিয়ে Pin to Taskbar অপশনটি সিলেক্ট করতে হবে। তখন Word আইকনটি টাস্কবার (Taskbar) এ চলে আসবে।
৪. এরপর টাস্কবার থেকে Word আইকন এর উপর মাউস ক্লিক করলে Word ওপেন হবে।

কোড: ITCO1011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ২২ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

কমান্ডের (Command) মাধ্যমে ওপেন করা :

মাইক্রোসফট উইন্ডোজ এ CLI Mode অর্থাৎ Command Line Interface Mode সাপোর্ট করে। মাইক্রোসফট ওয়ার্ড ওপেন করার Command হচ্ছে winword অর্থাৎ Run উইন্ডোতে গিয়ে কীবোর্ডের মাধ্যমে winword টাইপ করে ইন্টার প্রেস করলে মাইক্রোসফট Word ওপেন হবে।

চিত্র (Figure) :



কাজের ধাপ :

- ১ উইন্ডোজ + R একসাথে প্রেস করলে Run উইন্ডো আসবে।
- ২ Run উইন্ডো থেকে ওপেন ইনপুট ফিল্ডের মধ্যে winword টাইপ করতে হবে।
- ৩ এরপর Ok বাটন প্রেস করলে মাইক্রোসফট ওয়ার্ড ওপেন হবে।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ২৩ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

ইনফরমেশন শিট : ১.১-৪

শিখন উদ্দেশ্য :

এই ইনফরমেশন শিট টি পড়ার পর শিক্ষার্থী টাইপ করার জন্য প্রয়োজনীয় বাংলা ও ইংরেজি ফন্টের প্রাপ্যতা নিশ্চিত করতে পারবেন।

ফন্ট :

আধুনিক যুগে, ডিজিটাল টাইপোগ্রাফির আবির্ভাবে ফন্ট অনেকটাই টাইপফেসের সমার্থক। প্রতিটি স্টাইল ভিন্ন ভিন্ন 'ফন্ট ফাইলে' থাকে। উদাহরণস্বরূপ, বুলমার "বুলমার রোমান", "বুলমার ইটালিক", "বুলমার বোল্ডকে" এবং "বুলমার এক্সটেনডেডকে" উল্লেখ করা যেতে পারে কিন্তু ফন্ট শব্দটি হয় শুধুমাত্র এদের একটি উপর অথবা সম্পূর্ণ টাইপফেসগুলোকে একত্রে বলা যেতে পারে।

আগে মুদ্রনের জন্য ফন্ট ধাতু বা কাঠ দিয়ে তৈরি করা হতো। কিন্তু আজকে ফন্ট ডিজিটাল ফাইল।


পোস্ট স্ক্রিপ্ট ফন্ট: পোস্টস্ক্রিপ্ট মূলত লেজার প্রিন্টারে ডকুমেন্ট ছাপার জন্য একটি ভাষা, তবে এটি অন্যান্য ডিভাইসে ছবি তৈরি করার জন্য ব্যবহার করা যেতে পারে। পোস্টস্ক্রিপ্ট হল ডেস্কটপ পাবলিশিংয়ের জন্য আদর্শ কারণ এটি ইমেজসেটার সাপোর্ট করে, অত্যন্ত উচ্চ-রেজুলিউশন প্রিন্টারে ক্যামেরা-রেডি কপি তৈরি করতে ব্যবহৃত হয়।

ফন্ট সেকশন (Font Section) :

এখন আমরা হোম ট্যাব এর ফন্ট সেকশন নিয়ে আলোচনা করবো। ফন্ট সেকশন এ ফন্ট এর সাথে সম্পর্কিত অ্যট্রিবিউটস গুলো নিয়ে আলোচনা করা হয়েছে। যেমন ফন্ট ফেইস, ফন্ট সাইজ, ফন্টকে বোল্ড করা, ইটালিক করা, আন্ডারলাইন করা, ফন্টের কালার সেট করা, টেক্সট ইফেক্ট সেট করা, টেক্সট এ হাইলাইট কালার সেট করা ইত্যাদি অপশন রয়েছে

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ২৪ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

চিত্র (Figure) :




ফন্ট হচ্ছে এক সেট বর্ণমালা। ফন্ট সেকশন এর প্রথমে আছে ফন্ট ফেইস। মাইক্রোসফট ওয়ার্ডের বাই ডিফল্ট Calibri (body) ফন্ট টি দেওয়া থাকে। ক্যালিব্রি, এরিয়াল (Arial) ভারডানা (verdana), এজেন্সী এফবি (Agency FB) টাইম নিউ রোমান (Time new Roman) ইত্যাদি আরও অসংখ্য ফন্ট আছে। ফন্ট এর ব্যাপারটা যদি আরও ভালো ভাবে বুঝতে চাই তাহলে ধরা যাক তিন বন্ধুকে একটা কবিতা লিখতে দেওয়া হলো। সেক্ষেত্রে তিনজনের হাতের লিখা অবশ্যই তিন রকমের হবে। কারোর লেখা অনেক সুন্দর, কারোর টা বাকানো অর্থাৎ ফন্টের ফেইস বা চেহারা আলাদা। এই বিভিন্ন চেহারার বা ফেইস এর পরিবর্তন করতেই আমরা ফন্টের ফেইস পরিবর্তন করে থাকি।

ফন্টের ফেইস (Font face) এর পরিবর্তন করাঃ

বিভিন্ন ভাবে ফন্টের ফেইস পরিবর্তন করা যায়। যেমন ফন্ট ফেইস অপশন এর উপর মাউস এর লেফট বাটন ক্লিক করলে একটা ড্রপ ডাউন উইন্ডো আসে সেখান থেকে প্রয়োজনীয় ফন্ট টি সিলেক্ট করে নিতে হয়। এছাড়া ফন্ট ডায়ালগ বক্স লাম্বার এর উপর মাউসের লেফট বাটন প্রেস করলে একটি নতুন উইন্ডো আসে সেখান থেকে প্রয়োজনীয় ফন্ট টি সিলেক্ট করা যায়। তাছাড়াও কীবোর্ড থেকে কন্ট্রোল + ডি (Ctrl + D) চাপলে ফন্ট ডায়ালগ বক্স আসে সেখান থেকে প্রয়োজনীয় ফন্ট টি সিলেক্ট করা যায়।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ২৫ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

চিত্র (Figure) ৪



উপরের চিত্রে আমরা প্রথম প্যারাফ্রাফ এ টাইম নিউ রোমান ফন্টটি ব্যবহার হয়েছে।

কোড: ITCO1011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ২৬ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------


কাজের ধাপ :

- ১ টেক্সট এর ফন্ট পরিবর্তন করতে হলে প্রথমে টেক্সট কে সিলেক্ট করতে হয় তারপর ফন্ট ফেইস লে-আউট ▾ এর আইকোন এ মাউস এর লেফট বাটন প্রেস করতে হয় ।
- ২ তখন ফন্ট এর ড্রপ-ডাউন লিস্ট আসে সেখান থেকে প্রয়োজনীয় ফন্ট টি সিলেক্ট করা হয় ।
- ৩ এছাড়া ফন্ট সেকশন অপশন থেকেও ফন্ট ফেইস পরিবর্তন করা যায় ।

ফন্ট স্টাইল (Font Style) :

ফন্ট স্টাইল হচ্ছে ডকুমেন্টের অন্যতম একটি অংশ। সাধারণত টেক্সট কে বোল্ড করা, ইটালিক করা, আন্ডার লাইন ইত্যাদিকে ফন্ট স্টাইল বলা হয়ে থাকে।

চিত্র (Figure) :



কা
জ
র
ধা
প:
বোল্ড
করা:
১
কান
টেক্স
ট বা
লাইন
কে
বোল্ড
করে
ত

হলে প্রথমে প্রয়োজনীয় টেক্সট কে সিলেক্ট করে নিতে হয়।

- ২ তারপর ফন্ট সেকশন থেকে **B** আইকন এর উপর মাউসের লেফট বাটন ক্লিক করতে হয়। তখন সিলেক্টকৃত টেক্সট টি বোল্ড হয়ে যায়।

ইটালিক করা:

- ১ কোন টেক্সট বা লাইন কে ইটালিক করতে হলে প্রথমে প্রয়োজনীয় টেক্সট কে সিলেক্ট করে নিতে হয়।
- ২ তারপর ফন্ট সেকশন থেকে **I** আইকন এর উপর মাউসের লেফট বাটন ক্লিক করতে হয়। ফলে সিলেক্টকৃত টেক্সট টি ইটালিক হয়ে যায়।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ২৭ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------


আন্ডারলাইন করা:

৩ একইভাবে টেক্সট কে আন্ডার লাইন করতে হলেও টেক্সটটি সিলেক্ট করে আন্ডার লাইন এর উপর ক্লিক করতে হয়।

ফন্ট এর সাইজ (Font size) পরিবর্তন করা :

ফন্ট এর ঠিক পাশেই আছে ফন্ট সাইজ। ফন্ট সাইজ কম বা বেশী করার মাধ্যমে আমরা ফন্ট এর আকার ছোট বা বড় করতে পারি। সাধারণত যে টেক্সট বা লাইনের সাইজ পরিবর্তন করতে হবে প্রথমে সেটিকে সিলেক্ট করতে হবে।

▽ তারপর এর চিহ্নে ক্লিক করতে হবে এবং প্রয়োজনীয় সাইজ সিলেক্ট করতে হবে।



চিত্র (Figure) :

উপরের চিত্রে বিভিন্ন সাইজের ফন্ট পরিবর্তন করে দেখানো হয়েছে।

কাজের ধাপ:


- ১ ফন্ট এর সাইজ পরিবর্তনের ক্ষেত্রে আমরা ড্রপ-ডাউন লিস্ট থেকে প্রয়োজনীয় সাইজ সিলেক্ট করে দিতে পারি।
- ২ অথবা কিবোর্ডের মাধ্যমে সরাসরি সাইজের সংখ্যাটি টাইপ করে দিতে পারি।
- ৩ এছাড়া কিবোর্ড সর্টকাট এর মাধ্যমেও ফন্টের সাইজ ছোট বা বড় করা যায়।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ২৮ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

- ৪ ফন্টের সাইজ ছোট করার কিবোর্ড সটকার্ট হচ্ছে Ctrl + [এবং বড় করার কিবোর্ড সটকার্ট হচ্ছে Ctrl +].
- ৫ এছাড়া ইনক্রিজ ও ডিক্রিজ বাটনের মাধ্যমে আমরা ফন্টকে বড় বা ছোট করতে পারি।

ইনক্রিজ ফন্ট বা ফন্টকে বড় করা (increase font) :

অনেক সময় আমরা মাউস ক্লিক এর মাধ্যমে ফন্টকে বড় করে থাকি। তখন লেখাকে সিলেক্ট করে **A⁺** আইকন এ ক্লিক করতে থাকলে লেখাটি বড় হবে। ইনক্রিজ ফন্ট সাইজ (Increase Font Size) অপশনটি ফন্ট সাইজ বড় করার একটি গ্রাফিক্যাল টুলস। অর্থাৎ ফন্ট সাইজ বড় করার জন্য আমাদেরকে সাইজ নাম্বার দেওয়ার প্রয়োজন হয় না। শুধুমাত্র **A⁺** আইকন এর উপর ক্লিক করলেই ফন্ট সাইজ বড় হয়। তবে এ ক্ষেত্রে ফন্ট সাইজ ঠিক কতটুকু বড় হচ্ছে সেটা বোঝা **A⁺** যায় না। নিচের চিত্রে ইনক্রিজ ফন্ট আইকন এর মাধ্যমে ফন্ট সাইজ বড় করে দেখানো হয়েছে।



চিত্র (Figure) :

কাজের ধাপ:

১. প্রথমে প্রয়োজনীয় লেখাকে সিলেক্ট করতে হবে।
২. মাউসের মাধ্যমে ইনক্রিজ ফন্ট সাইজ (Increase Font Size) আইকন এর উপর ক্লিক করতে হবে।
৩. প্রতিবার মাউস ক্লিক এ একটু একটু করে বড় হতে থাকবে।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ২৯ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

কোড: ITCO1011A1


অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন

উন্নয়নের তারিখ:
১৫-০৪-২০১৯


সংস্করণের তারিখ:
২২-০২-২০২৩

পৃষ্ঠা ৩০ এর ২৮২

ডিক্রিজ ফন্ট বা ফন্টকে ছোট করা (Decrease font) :

ডিক্রিজ ফন্ট আইকন টি ফন্ট সাইজ ছোট করার গ্রাফিক্যাল টুলস। ডিক্রিজ ফন্ট এর মাধ্যমে ফন্ট এর সাইজ ছোট করার ক্ষেত্রেও ফন্ট এর নির্দিষ্ট সাইজ দেওয়ার প্রয়োজন হয় না। তবে এ ক্ষেত্রেও আমরা ফন্ট ঠিক কতটুকু ছোট হলো তা বলতে পারি না। একই ভাবে মাউস ক্লিক এর মধ্যমে ফন্টকে ছোট করতে হলে প্রথমে লেখাকে সিলেক্ট করতে হবে তারপর  ডিক্রিজ আইকন এ ক্লিক করতে হবে। ফলে নিচের চিত্রের ন্যায় লেখাটি ছোট হবে।

চিত্র (Figure) :



কাজের ধাপ:


১. প্রথমে প্রয়োজনীয় লেখাকে সিলেক্ট করতে হবে।
২. মাউসের মাধ্যমে ডিক্রিজ ফন্ট সাইজ (Decrease Font Size) আইকন এর উপর ক্লিক করতে হবে।
৩. প্রতিবার মাউস ক্লিক এ একটু একটু করে বড় হতে থাকবে।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৩১ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

চেঞ্জ কেস বা ফন্টের কেইস পরিবর্তন করা (Change case) :

চেঞ্জ কেস এর মাধ্যমে আমরা ফন্টের কেইস কে বিভিন্ন ভাবে পরিবর্তন করতে পারি। বাংলাতে Case নেই। কিন্তু English এ Case আছে। ইংরেজি ওয়ার্ড বা সেন্টেন্স টাইপ করার ক্ষেত্রে অনেকগুলো নিয়ম অনুসরণ করতে হয়। তার মধ্যে অন্যতম একটি নিয়ম হচ্ছে ওয়ার্ড বা সেন্টেন্স লেখার সময় কখনও ওয়ার্ডের প্রথম অক্ষর বড় হাতের লিখতে হয়। কখনও সেন্টেন্স এর প্রথম অক্ষর বড় হাতের লিখতে হয়। আবার কখনও প্যারাগ্রাফের পুরো টেক্সটই বড় বা ছোট হাতের অক্ষরে লিখতে হয়। এইসব নিয়ম কানুনকে আমরা সাধারণত কেইসের পরিবর্তন বা চেঞ্জ কেস (Change case) বলে থাকি। সেন্টেন্স কেইসের মাধ্যমে সেন্টেন্স এর প্রথম ওয়ার্ডের প্রথম অক্ষর বড় হাতের হয়। লোয়ার কেইসের মাধ্যমে সবগুলো টেক্সট ছোট হাতের হয়। আপার কেইসের মাধ্যমে সমগ্র টেক্সট বড় হাতের হয়। ক্যাপিটালাইজ ইচ ওয়ার্ড অপশনের মাধ্যমে প্রত্যেকটি ওয়ার্ডের প্রথম অক্ষর বড় হাতের হয়ে থাকে।


চিত্র (Figure) :



কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৩২ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

সেন্টেন্স কেস (Sentence case) :

সেন্টেন্স কেস ব্যবহার করলে সেন্টেন্স এর প্রথম অক্ষর ক্যাপিটাল লেটার বা বড় হাতের অক্ষর হবে। নিচের চিত্রে সেন্টেন্স কেস এর ব্যবহার দেখানো হয়েছে। চিত্রে নিচের প্যারাগ্রাফটিতে দেখা যাচ্ছে শুধুমাত্র সেন্টেন্স এর প্রথম অক্ষর বড় হাতের হয়েছে। এক্ষেত্রে টেকনিক্যাল, ভোকেশনাল, এডুকেশন ও ট্রেইনিং ইত্যাদি ওয়ার্ড গুলোর প্রথম অক্ষর বড় হাতের হওয়া দরকার। তাই এই ক্ষেত্রে সেন্টেন্স কেস ব্যবহার করা যাবে না।



চিত্র (Figure) :

উপরের চিত্রে দ্বিতীয় প্যারাগ্রাফ এ সেন্টেন্স কেস ব্যবহার করা হয়েছে।

কাজের ধাপ:

১. প্রথমে প্রয়োজনীয় লেখাকে সিলেক্ট করতে হবে।
২. মাউসের মাধ্যমে সেন্টেন্স কেস (Sentence case) আইকন এর উপর ক্লিক করতে হবে।
৩. এরপর নতুন উইন্ডো থেকে সেন্টেন্স কেস (Sentence case) অপশনটি সিলেক্ট করতে হবে।


কোড: ITCO1011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৩৩ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

লোয়ার কেস (Lower case) :

লোয়ার কেস (Lower case) বলতে আমরা স্মল লেটার বা ছোট হাতের অক্ষর বা বর্ণ কে বুঝি। টেক্সটকে সিলেক্ট করে লোয়ার কেস এর উপর ক্লিক করলে সমস্ত টেক্সট স্মল লেটার বা ছোট হাতের টেক্সটে পরিণত হয়। লোয়ার কেস (Lower case) ব্যবহার করলে সেন্টেন্স (Sentence) বা প্যারাগ্রাফ (Paragraph) এর সবগুলো অক্ষর স্মল লেটার (Small letter) বা ছোট হাতের অক্ষর হবে। নিচের চিত্রে লোয়ার কেস এর ব্যবহার দেখানো হয়েছে। চিত্রে নিচের প্যারাগ্রাফটিতে দেখা যাচ্ছে সবগুলো প্যারাগ্রাফ স্মল লেটার (Small letter) বা ছোট হাতের অক্ষর। এক্ষেত্রে টেকনিক্যাল (Technical), ভোকেশনাল (Vocational), এডুকেশন (Education) ও ট্রেনিং (Training) ইত্যাদি ওয়ার্ড গুলোর প্রথম অক্ষর বড় হাতের হওয়া দরকার। তাই এই ক্ষেত্রেও লোয়ার কেস (Lower case) ব্যবহার করা যাবে না।

নিচের চিত্রে দ্বিতীয় প্যারাগ্রাফটির উপর লোয়ার কেস (Lower case) অপশনটি ব্যবহার করে দেখানো হয়েছে। সাধারণত কিবোর্ড দিয়ে টাইপ করার সময় বাই-ডিফল্ট (By-Default) লোয়ার কেস (Lower case) অপশনটি সিলেক্ট করা থাকে।

চিত্র (Figure) :



কাজের ধাপ:

1. প্রথমে প্রয়োজনীয় লেখাকে সিলেক্ট করতে হবে।
2. মাউসের মাধ্যমে সেন্টেন্স কেস (Sentence case) আইকন এর উপর ক্লিক করতে হবে।
3. এরপর নতুন উইন্ডো থেকে সেন্টেন্স কেইস (Sentence case) অপশনটি সিলেক্ট করতে হবে।
4. তখন সমস্ত প্যারাগ্রাফটি লোয়ার কেস (Lower case) এ পরিণত হবে।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৩৪ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

কোড: ITCO1011A1

অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন

উন্নয়নের তারিখ:
১৫-০৪-২০১৯

সংস্করণের তারিখ:
২২-০২-২০২৩


পৃষ্ঠা ৩৫ এর ২৮২

আপার কেস (Upper case) :

আপার কেস (Upper case) বলতে আমরা ক্যাপিটাল লেটার বা বড় হাতের অক্ষরকে বুঝি। টেক্সটকে সিলেক্ট করে আপার কেস (Upper case) এর উপর ক্লিক করলে সমস্ত টেক্সট ক্যাপিটাল লেটার বা বড় হাতের অক্ষরে পরিনত হয়। আপার কেস (Upper case) ব্যবহার করলে সেন্টেন্স (Sentence) বা প্যারাগ্রাফ (Paragraph) এর সবগুলো অক্ষর ক্যাপিটাল লেটার (Capital letter) বা বড় হাতের অক্ষর হবে। নিচের চিত্রে আপার কেস (Upper case) এর ব্যবহার দেখানো হয়েছে। চিত্রে নিচের প্যারাগ্রাফটিতে দেখা যাচ্ছে সবগুলো প্যারাগ্রাফ ক্যাপিটাল লেটার (Capital letter) বা বড় হাতের অক্ষর।

Font size শুরুতে একবার Select করে দিলে যেমন সব বর্ণ ঐ সাইজের হয়ে থাকে তেমন করে Case আগে থেকে declare করা যায় না। By default select করা থাকে। পরিবর্তন করতে হলে প্রয়োজনীয় শব্দ/লাইন/প্যারা select করে Change case option থেকে আপার কেস (Upper case) অপশনটি সিলেক্ট করতে হয়। আবার কিবোর্ডের ক্যাপস লক (Caps Lock) বাটনটি একবার প্রেস করলে কিবোর্ডের ডান পাশে নাম্বার প্যাডের ঠিক উপরে একটি (Caps Lock) লাইট জ্বলে উঠে। ক্যাপস লক লাইট জ্বলে থাকা অবস্থায় কোন ক্যারেক্টার বা টেক্সট টাইপ করলে তা ক্যাপিটাল লেটার বা বড় হাতের অক্ষর হবে। ক্যাপস লক বাটনটি পুনরায় প্রেস করলে লাইটটি নিভে যাবে। সেক্ষেত্রে আবার ছোট হাতের অক্ষর টাইপ হবে। আবার (Shift) শিফট চেপে ধরে কোন অক্ষর টাইপ করলেও তা বড় হাতের হবে। কিন্তু ক্যাপস লক লাইট জ্বলা অবস্থায় শিফট চেপে ধরে অক্ষর লিখলে তা ছোট হাতের হবে।

চিত্র (Figure) :



কাজের ধাপ:


1. প্রথমে টেক্সট কে সিলেক্ট করতে হবে।
2. এরপর Change case option থেকে আপার কেস (Upper case) অপশনটি সিলেক্ট করতে হবে।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৩৬ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

ক্যাপিটলাইজ ইচ ওয়ার্ড (Capitalize each word) :

টেক্সকে সিলেক্ট করে ক্যাপিটলাইজ ইচ ওয়ার্ড (Capitalize each word) এর উপর ক্লিক করলে প্রত্যেকটা ওয়ার্ড এর প্রথম অক্ষর ক্যাপিটলাইজ (Capitalize) হয় অর্থাৎ বড় হাতের হয়। ক্যাপিটলাইজ ইচ ওয়ার্ড (Capitalize each word) অপশনটি ব্যবহার করলে প্যারাগ্রাফ এর প্রত্যেকটি ওয়ার্ডের প্রথম অক্ষর বড় হাতের হয়ে থাকে। নিচের চিত্রে দ্বিতীয় প্যারাগ্রাফ এ ক্যাপিটলাইজ ইচ ওয়ার্ড (Capitalize each word) অপশনটি ব্যবহার করা হয়েছে। তবে এক্ষেত্রে একটা সমস্যা দেখা দিয়েছে। সেটা হল প্যারাগ্রাফ এর প্রত্যেকটি ওয়ার্ডের সাথে and, is, of ইত্যাদি ওয়ার্ডের প্রথম অক্ষর গুলো বড় হাতের হয়েছে। কিন্তু ইংরেজী গ্রামার অনুযায়ী and, is, of এগুলোর প্রথম অক্ষর কখনো বড় হাতের হয় না। শুধুমাত্র টাইটেল এর ক্ষেত্রেই প্রত্যেকটা ওয়ার্ডের প্রথম অক্ষর বড় হাতের হয়ে থাকে।

চিত্র (Figure) :



কাজের ধাপ:


১. প্রথমে টেক্সট কে সিলেক্ট করতে হবে।
২. এরপর Change case option থেকে ক্যাপিটলাইজ ইচ ওয়ার্ড (Capitalize each word) অপশনটি সিলেক্ট করতে হবে।

কোড: ITCO1011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৩৭ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

টগল কেস (Toggle case) :

টেক্সটকে সিলেক্ট করে টগল কেস এর উপর ক্লিক করলে প্রত্যেকটা ওয়ার্ড এর প্রথম অক্ষর স্মল লেটার হয় অর্থাৎ ছোট হাতের হয়। টগল কেস চেঞ্জ কেইস ফিচারের সর্বশেষ অপশন। নিচের চিত্রের দ্বিতীয় প্যারাগ্রাফ এ টগল কেস অপশনটি ব্যবহার করা হয়েছে। এই অপশন ব্যবহারের ফলে দেখা যাচ্ছে ওয়ার্ডের প্রথম অক্ষর ছোট হাতের হয়েছে। বাকি সব কারেক্টার বড় হাতের হয়েছে।

চিত্র (Figure) :




কাজের ধাপ:

1. প্রথমে টেক্সট কে সিলেক্ট করতে হবে।
2. এরপর Change case option থেকে টগল কেস (toggle case) অপশনটি সিলেক্ট করতে হবে।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৩৮ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

টেক্সট কে বোল্ড করা (Bold) :

টেক্সট কে বোল্ড করতে হলে প্রথমে নির্দিষ্ট টেক্সট কে সিলেক্ট করতে হবে, তারপর **B** আইকন এর উপর ক্লিক করতে হবে। নিচের চিত্রে বিভিন্ন ভাবে বোল্ড এর ব্যবহার দেখানো হলো।



চিত্র (Figure) :

উপরের চিত্রে প্রথমে একটি প্যারাগ্রাফ এর টাইটেল কে বোল্ড করা হয়েছে। এছাড়া টেবিলের টাইটেল ও টেবিলের হেডার কে বোল্ড করা হয়েছে।

কাজের ধাপ:

১. টেক্সট কে বোল্ড করতে হলে প্রথমে নির্দিষ্ট টেক্সট কে সিলেক্ট করে **B** আইকন এর উপর ক্লিক করতে হবে।

Bangladesh Technical Education Board (BTEB)

The Technical and Vocational Education and Training (TVET) sector in Bangladesh is now implementing the reform initiatives to strengthen training, assessment and certification. One of the reforms is developing Competency Standards that responds to the needs of the industry both local and international.

ACADEMIC QUALIFICATION:


CERTIFICATE	GROUP	INSTITUTION	BOARD	GPA	PASSING YEAR
SSC	Science	Thutia High School & College	Rajshahi Board	4.00	2008
HSC	Science	Shahjadpur Govt. college	Rajshahi Board	3.70	2010

২. এছাড়া টেক্সট কে সিলেক্ট করে কীবোর্ড থেকে (Ctrl + B) প্রেস করলে টেক্সট টি বোল্ড হয়ে যাবে।

কোড: ITC01011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৩৯ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

টেক্সটকে ইটালিক করা (Italic) :

টেক্সট কে ইটালিক করা বলতে সাধারণত আমরা বুঝি লেখাটিকে কিছুটা ডানদিকে বাকিয়ে লেখাকে।



টেক্সট কে ইটালিক করতে হলে প্রথমে নির্দিষ্ট টেক্সট কে সিলেক্ট করতে হবে, তারপর **I** আইকন এর উপর ক্লিক করতে হবে। নিচের চিত্রে বিভিন্নভাবে ইটালিক এর ব্যবহার দেখানো হলো। চিত্রে প্রথমে একটি প্যারাগ্রাফ এর টাইটেল কে ইটালিক করা হয়েছে। এছাড়া টেবিলের টাইটেল ও টেবিলের হেডার কে ইটালিক করা হয়েছে

চিত্র (Figure) :

Italic ***Bangladesh Technical Education Board (BTEB)***

The Technical and Vocational Education and Training (TVET) sector in Bangladesh is now implementing the reform initiatives to strengthen training, assessment and certification. One of the reforms is developing Competency Standards that responds to the needs of the industry both local and international.

Italic ***Italic***

ACADEMIC QUALIFICATION:

<i>CERTIFICATE</i>	<i>GROUP</i>	<i>INSTITUTION</i>	<i>BOARD</i>	<i>GPA</i>	<i>PASSING YEAR</i>
SSC	Science	Thutia High School & College	Rajshahi Board	4.00	2008
HSC	Science	Shahjadpur Govt. college	Rajshahi Board	3.70	2010


কাজের ধাপ:

- টেক্সট কে ইটালিক করতে হলে প্রথমে নির্দিষ্ট টেক্সট কে সিলেক্ট করে **I** আইকন এর উপর ক্লিক করতে হবে।
- আইকনে ক্লিক করা ছাড়াও আমরা কিবোর্ড সর্টকাট এর মাধ্যমে টেক্সট কে ইটালিক করতে পারি। টেক্সট কে সিলেক্ট করে (Ctrl + I) একসাথে প্রেস করলে টেক্সটটি ইটালিক হয়ে যাবে।


কোড: ITCO1011A1	অপারেট ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন	উন্নয়নের তারিখ: ১৫-০৪-২০১৯	সংস্করণের তারিখ: ২২-০২-২০২৩	পৃষ্ঠা ৪০ এর ২৮২
-----------------	--------------------------------------	--------------------------------	--------------------------------	------------------

টেক্সট কে আন্ডারলাইন করা (Underline) :

